ঝিনাইদহ তথ্য অফিসের আয়োজনে নারী সমাবেশ

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ এবং আত্মহত্যা, বাল্যবিবাহ ও মাদকাসক্তি প্রতিরোধে জনগণকে সচেতন ও উদ্বুদ্ধ করার লক্ষ্যে জেলা তথ্য অফিস ঝিনাইদহ এর আয়োজনে হরিণাকুন্ডু উপজেলার সোহাগপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে নারী সমাবেশ অনুষ্ঠিত হয়।

হরিণাকুন্ডু উপজেলা নির্বাহী কর্মকর্তা সুস্মিতা সাহার সভাপতিত্বে অনুষ্ঠিত এ নারী সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংরিক্ষত মহিলা আসন-৩২৭ এর জাতীয় সংসদ সদস্য খালেদা খানম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হরিণাকুন্ডু উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ জাহাঙ্গীর হোসাইন, ঝিনাইদহ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আনন্দ কিশোর সাহা, রঘুনাথপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোঃ বশির উদ্দীন ও উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার এস এম আবদুর রহমান। জেলা তথ্য অফিসার মোঃ আবুবকর সিদ্দীক স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের পাশাপাশি বাল্যবিবাহ ও আত্মহত্যা প্রতিরোধের গুরুত্ব তুলে ধরে স্বাগত বক্তব্য প্রদান করেন।

প্রধান অতিথির বক্তব্যে জাতীয় সংসদ সদস্য খালেদা খানম বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনের নেতৃত্বে বাংলাদেশ স্বাধীন হয়েছিল বলেই আমরা আজ উন্নত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের স্বপ্ন দেখছি। বঙ্গবন্ধু যে সোনার বাংলা গড়তে চেয়েছিলেন সেটিকে দ্র্বুার গতিতে বাস্তবায়ন করে চলছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এদেশের নারী সমাজের সার্বিক উন্নয়নে প্রধানমন্ত্রী শেখ হাসিনা নানাবিধ যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করেছেন। তিনি বক্তব্যে বিভিন্ন ক্ষেত্রে সরকারের সাফল্য তুলে ধরেন।

অন্যান্যের মধ্যে বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসমত আরা বক্তব্য প্রদান করেন। এ নারী সমাবেশে বিভিন্ন শ্রেণি-পেশার দেড় শতাধিক নারী অংশগ্রহণ করেন।

[redacted]

[redacted]

মেহেরপুরে তথ্য অফিস আয়োজনে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ শীর্ষক মতবিনিময় সভা

মেহেরপুর জেলা তথ্য অফিসের আয়োজনে ও জেলা প্রশাসনের সহযোগিতায় ‘স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে আমাদের করণীয়’ শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (২ মার্চ) জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক ড.মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ইব্রাহিম শাহিন, মেহেরপুর বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষপদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক।

এসময় অতিথিরা তাদের বক্তব্যে বলেন বাংলাদেশ নির্মাণে প্রান্তিক পর্যায়ে নাগরিকদের স্মার্ট হওয়া খুব জরুরী ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে করণীয় সম্পর্কে তারা তাদের নিজ নিজ মূল্যবান মতামত প্রদান করেন।

জেলা তথ্য অফিসার মোঃ আব্দুল্লাহ আল মামুন তার ধারণাপত্র উপস্থাপনায় ‘স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে আমাদের কি করণীয়’ ও স্মার্ট বাংলাদেশের চারটি ভিত্তি- স্মার্ট নাগরিক, স্মার্ট সরকার, স্মার্ট সমাজ এবং স্মার্ট অর্থনীতির ব্যাপারে বিস্তারিত ধারণা প্রদান করেন। এছাড়াও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের করণীয় সম্পর্কে গুরুত্বপূর্ণ মতামত ও বিশেষ সংযোজন হিসেবে আগামীর স্মার্ট বাংলাদেশ কেমন হবে এই সম্পর্কিত ভিডিও প্রদর্শন করা হয়।

শেষে সভাপতির বক্তব্যে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান বলেন, স্মার্ট বাংলাদেশ কেমন হবে এবং ডিজিটাল বাংলাদেশ ও স্মার্ট বাংলাদেশের মধ্যে পার্থক্য সুনির্দিষ্টভাবে তুলে ধরেন।

তিনি আরও বলেন স্মার্ট বাংলাদেশে স্মার্টলি সকল সেবা পাওয়া যাবে। এছাড়াও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সকলকে স্মার্টলি কাজ করার উপর গুরুত্ব আরোপ সহ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সকলের

প্রচেষ্টা ও সহযোগিতা কামনা করেন।

উক্ত মতবিনিময় সভায় জনপ্রতিনিধি, বিভিন্ন পর্যায়ের সরকারি কর্মকর্তাগণ, সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে তথ্য অফিসের আয়োজনে মহিলা সমাবেশ

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ এবং মাদকাসক্তি, আত্মহত্যা, বাল্যবিবাহসহ বিভিন্ন সামাজিক ইস্যুতে জনগণকে সচেতন ও উদ্বুদ্ধ করার লক্ষ্যে ঝিনাইদহ জেলা তথ্য অফিসের আয়োজনে ঝিনাইদহ সদর উপজেলার বাজার গোপালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে মহিলা সমাবেশ অনুষ্ঠিত হয়।

মঙ্গলবার জেলা তথ্য অফিসার মোঃ আবুবকর সিদ্দীকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ৩২৭ সংরক্ষিত মহিলা আসনের জাতীয় সংসদ সদস্য খালেদা খানম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা কালচারাল অফিসার মোঃ জসিম উদ্দিন, জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা রিয়াদ রায়হান আবির, যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক মোঃ মিজানুর রহমান, মধুহাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ আলতাফ হোসেন ও সহকারী উপজেলা শিক্ষা অফিসার মোঃ আলী হাসান।

অনুষ্ঠানের উদ্দেশ্যসহ স্মার্ট বাংলাদেশ, বাল্যবিবাহ, আত্মহত্যা প্রভৃতি বিষয় তুলে ধরে স্বাগত বক্তব্য প্রদান করেন জেলা তথ্য অফিসার আবুবকর সিদ্দীক।

প্রধান অতিথির বক্তব্যে সংসদ সদস্য খালেদা খানম বলেন, স্মার্ট বাংলাদেশ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত নতুন এক উন্নয়ন দর্শন। এটি এমন এক উন্নয়ন দর্শন যেখানে প্রযুক্তিকে কাজে লাগিয়ে দুর্নীতিমুক্ত একটি রাষ্ট্র বিনির্মাণ করা হবে এবং ভোগান্তি ছাড়া প্রত্যেক নাগরিক পাবে অধিকারের নিশ্চয়তা এবং কর্তব্য পালনের

সুবর্ণ এক সুযোগ। এই স্মার্ট বাংলাদেশের চারটি ভিত্তি থাকবে সেগলি হলো- স্মার্ট সিটিজেন, স্মার্ট ইকনোমি, স্মার্ট গভর্নমেন্ট ও স্মার্ট সোসাইটি। মূলত স্মার্ট সিটিজেন গড়ে তুলতে পারলেই পরবর্তী ভিত্তিগুলি রচনা করা সম্ভব হবে। ইতোমধ্যে ডিজিটাল বাংলাদেশ গড়ার মধ্য দিয়ে স্মার্ট গভর্নমেন্টের শক্ত ভিত্তি রচিত হয়েছে। সময়ের সাথে সাথে এই প্রক্রিয়া আরো শক্তিশালী হবে। তিনি স্মার্ট সিটিজেন গড়ে তোলার জন্য ছেলে-মেয়েদেরকে আধুনিক তথ্য-প্রযুক্তিতে দক্ষ করে গড়ে তোলার উপর গুরুত্ব আরোপ করেন।

এছাড়া সমাজ থেকে বাল্যবিবাহ, মাদক ও আত্মহত্যা প্রতিরোধে তিনি সকলকে সোচ্চার ভূমিকা রাখার আহবান জানান।
মহিলা সমাবেশে বিভিন্ন শ্রেণি পেশার তিন শতাধিক মহিলা অংশগ্রহণ করেন।

ঝিনাইদহ তথ্য অফিসের আয়োজনে মহিলা সমাবেশ

শেখ হাসিনার বিশেষ উদ্যোগ ব্র্যান্ডিং বিষয়ে উদ্ভাবনীমূলক প্রচার কর্মসূচির আওতায় ঝিনাইদহ জেলা তথ্য অফিসের আয়োজনে কালীগঞ্জ উপজেলার দুলাল মুন্দিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে মহিলা সমাবেশ অনুষ্ঠিত হয়।

কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার ইসরাত জাহানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ মহিলা সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-৪ আসনের জাতীয় সংসদ সদস্য মোঃ আনোয়ারুল আজীম (আনার)। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক মোঃ রিয়াজুল আলম খান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মোছাঃ তাসলিমা বেগম ও সহকারী উপজেলা শিক্ষা অফিসার মোঃ মাজেদুর রহমান। জেলা তথ্য অফিসার মোঃ আবুবকর সিদ্দীক অনুষ্ঠানের উদ্দেশ্য ও প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগের গুরুত্ব তুলে ধরে স্বাগত বক্তব্য প্রদান করেন।

প্রধান অতিথির বক্তব্যে জাতীয় সংসদ সদস্য আনোয়ারুল আজীম (আনার) বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে নিরলস কাজ করে যাচ্ছেন। বিশেষ করে প্রান্তিক পর্যায়ের দরিদ্র-অসহায় মানুষের ভাগ্য উন্নয়নে তিনি নানামূখী উদ্যোগ গ্রহণ করেছেন। তিনি বলেন, প্রধানমন্ত্রীর মস্তিস্কপ্রসূত আমার বাড়ি আমার খামার, আশ্রয়ন, ডিজিটাল বাংলাদেশ, শিক্ষা সহায়তা কর্মসূচি, ঘরে ঘরে বিদ্যুৎ, নারীর ক্ষমতায়ন, সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি, কমিউনিটি ক্লিনিক ও মানসিক স্বাস্থ্য, বিনিয়োগ বিকাশ ও পরিবেশ সুরক্ষা উদ্যোগসমূহ ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ বিনির্মাণে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তিনি প্রধানমন্ত্রী ঘোষিত উন্নত, সমৃদ্ধ ও স্মার্ট বাংলাদেশ গড়ে তোলার জন্য সকলকে এগিয়ে আসার আহবান জানান। এছাড়া বাল্যবিবাহ ও আত্মহত্যা প্রতিরোধে সকলকে সোচ্চার হওয়ার জন্য অনুরোধ জানান।

অন্যান্যের মধ্যে দুলাল মুন্দিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নিহার সুলতানা বক্তব্য প্রদান করেন। এ মহিলা সমাবেশ বিভিন্ন শ্রেণি-পেশার দুই শতাধিক মহিলা অংশগ্রহণ করেন।

গাংনীতে প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ নিয়ে মহিলা সমাবেশ অনুষ্ঠিত

মেহেরপুর জেলা তথ্য অফিসের উদ্যোগে গাংনী উপজেলার জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের মা অভিভাবকদের নিয়ে মহিলা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (১২ জানুয়ারী) দুপুরে জোড়পুকরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের নবনির্মিত ভবনের চতুর্থতলার হলরুমে আয়োজিত মহিলা সমাবেশে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নুরানী।

মহিলা সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা তথ্য অফিসার

আব্দুল্লাহ আল মামুন। বিশেষ অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা নিরাপদ খাদ্য অফিসার মো: রিয়াজ আহম্মেদ ও কৃষি বিপনন কর্মকর্তা মো: শরিফুল ইসলাম ও সাংবাদিক জুলফিকার আলী কানন।

মহিলা সমাবেশে করোনা ভাইরাস পরিস্থিতি ও দূর্যোগকালে সরকারের বিভিন্ন পদক্ষেপ ও প্রধানমন্ত্রীর ১০ টি বিশেষ উদ্যোগ ব্রান্ডিং, বিভিন্ন ক্ষেত্রে সরকারের অর্জিত সাফল্য ও উন্নয়ন পরিকল্পনা, মহান মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস, ভিসন ২০৪১, এর লক্ষ ও অর্জনসমূহ, মানব পাচার, সন্ত্রাস, মাদক, জঙ্গিবাদ, নাশকতা, বাল্যবিবাহ ইত্যাদী প্রতিরোধ, নৈতিকতা ও মূল্যবোধ সম্পর্কে সচেতনতা, সামাজিক যোগাযোগ মাধ্যমের সদ্ব্যব্যবহার, পরিবেশ সংরক্ষণ, অটিজম এবং তথ্য অধিকার বিষয়ে আলোচনা করা হয়।

মহিলা সমাবেশে বিদ্যালয়ের বিভিন্ন শ্রেনীর শিক্ষার্থীদের মায়েরা অংশ নেন।

মেহেরপুরে বঙ্গবন্ধুর জীবন ও কর্ম নিয়ে চিত্রাংকন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

মেহেরপুর জেলা তথ্য অফিসের আয়োজনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্মের ওপর ক্ষুদ্র পরিসরে সামাজিক দূরত্ব এবং স্বাস্থ্যবিধি মেনে অনলাইন চিত্রাংকন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠান আয়োজন করা হয়।

সদর উপজেলার সম্মেলন কক্ষে গতকাল বেলা ১১ টায় পুরস্কার বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা তথ্য অফিসার জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন ।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলার সুযোগ্য উপজেলা নির্বাহি কর্মকর্তা মাসুদুল আলম।
বিশেষ অতিথি হিসেবে ছিলেন বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)এর,